## বাংলাদেশ কৃষি ব্যাংক
### বিভাগীয় কার্যালয়, কুমিল্লা।

**এপ্রিল'২০২২ হতে জুন'২০২২ সময়কালের ৪র্থ প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব গোলাম মোঃ আরিফ, মহাব্যবস্থাপক(দায়িত্বে)<br>(সভাপতি, বিভাগীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি) |
| তারিখ ও সময় | ঃ | ৩০.০৬.২০২২ খ্রীঃ, সময় বিকাল ঃ ২.০০ ঘটিকা |
| স্থান | ঃ | মহাব্যবস্থাপক মহোদয়ের অফিস কক্ষ |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট- 'ক' |

০১। সভার প্রারম্ভে সভাপতি মহোদয় তাঁর স্বাগত বক্তব্যে ২০২১-২০২২ অর্থ বছরের ৪র্থ প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তিনি তাঁর বক্তব্যে অত্র ব্যাংকের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো সম্পর্কে আলোচনা করেন এবং তদানুযায়ী বিভিন্ন লক্ষ্যমাত্রা অর্জনের উপর বিশেষ গুরুত্বারোপ করেন। তিনি আরো বলেন আর্থিক স্বচ্ছতা সুশাসন প্রতিষ্ঠার একটি বড় মাধ্যম। সে কারনেই প্রতিষ্ঠানের সর্বক্ষেত্রে আর্থিক স্বচ্ছতা ও জবাবদিহিতার কোন বিকল্প নেই। সদাশয় সরকার সকল প্রতিষ্ঠানে শুদ্ধাচার প্রতিষ্ঠার উপর বিশেষ গুরুত্বারোপ করেছেন। তিনি বাংলাদেশ কৃষি ব্যাংক, কুমিল্লা বিভাগে যেন শুদ্ধাচার চর্চা অব্যাহত থাকে সে বিষয়ের উপর গুরুত্বারোপপূর্বক বলেন, শুধুমাত্র পয়েন্ট অর্জনের জন্য দায়সারাভাবে কার্যক্রম গৃহীত না হয় তার জন্য উপস্থিত সকলকে পরামর্শ দেন।

০২। সভাপতি "জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২" এর বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোকপাত করেন এবং চলমান প্রান্তিকে লক্ষ্যমাত্রাসমূহ পূরণের জন্য বিশেষ দিক নির্দেশনা প্রদান করেন। তিনি শাখা/কার্যালয়ের সুশাসন, নিয়মানুবর্তিতা, প্রতিষ্ঠানের বিধি বিধান পরিপালন, অফিস শৃঙ্খলা, নিষ্ঠা ও সততা এবং নির্ধারিত সময়ের মধ্যে ব্যাংকের কার্যাদি সম্পন্নের উপর বিশেষ গুরুত্বারোপ ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোকপাত করেন।

০৩। বর্তমানে পরিস্থিতিতে সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য বিশেষ দিক নিদের্শনা প্রদান করেন । কোভিড-১৯ এ ক্ষতিগ্রস্থ কৃষক ও ব্যবসায়ীদের জন্য সরকার ঘোষিত বিভিন্ন প্রনোদনার প্যাকেজ সমূহ যথাযথ নিয়মে সঠিক সময়ে বাস্তবায়নের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। সাম্প্রতিক বন্যায় কবলিত এলাকায় ব্যাংকিং কার্যক্রম অব্যাহত রাখা ও বন্যার্তদের সাহয্যের জন্য দিকনির্দেশনা দেন।

০৪। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

ক) বিগত ৩য় প্রান্তিকের সভার সিদ্ধান্তসমূহ ব্যস্তবায়নের ধারা অব্যাহত রাখতে হবে।

খ) গ্রাহকগনের মধ্য হতে কোন অভিযোগ পাওয়া গেলে স্বল্প সময়ের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

গ) প্রনোদনা প্যাকেজের সুদের হারসহ সকল প্রাসঙ্গিক তথ্য, ঋণসহজীকরণ সার্কুলারের তথ্য স্বপ্রনোদিতভাবে হালনাগাদ রাখতে হবে। যথাসময়ে সুদভর্তুকী ও পুন:অর্থায়ন প্রাপ্তির জন্য নির্ধারিত ছকে বিবরনীসমূহ যথাযথভাবে প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

ঘ) রেমিট্যান্স সেবা মাস-২০২২ বাস্তরায়ন এবং আসন্ন ইদ-উল-আযহা কে সামনে রেখে অধিক পরিমান রেমিট্যান্স ও আমানত সংগ্রাহের পরিমান বৃদ্ধি করতে হবে।

ঙ) সকল গ্রাহকের ৭টি মৌলিক তথ্য সিবিএস ও হালনাগাদ করার কাজটি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে সম্পন্ন করতে হবে।

চ) ঋণ আদায়, ঋণ বিতরন, আমানত সংগ্রহ ও ঋণ আদায় ক্যাম্পের আয়োজন নিশ্চিত করতে হবে।

ছ) প্রতিটি শাখা কার্যালয়ে সিসি টিবি ব্যবহার করতে হবে ।

জ) শাখা/কার্যালয়ে কর্ম-পরিবেশ উন্নয়ন ও স্বাস্থ্যবিধি অনুসরণ এবং ব্যক্তিগত পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়ে সচেতন থাকতে হবে।

০৫। অতঃপর ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

30.06.2022

(গোলাম মোঃ আরিফ)
মহাব্যবস্থাপক(দায়িত্বে)
সভাপতি, শুদ্ধাচার নৈতিকতা কমিটি, বি.কা.,কুমিল্লা

সূত্র নং-বিকা(কুমিল্লা)/পরি-১(৬)/২০২১-২০২২/ ৪০০৬ তারিখঃ ৩০-০৬-২০২২ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ

০১. উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কুমিল্লা।
০৩. সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, কুমিল্লা বিভাগ।
০৪. সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, কুমিল্লা বিভাগ।
০৫. সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, কুমিল্লা বিভাগ।

৩০/০৬/২২

(মোহাম্মদ ইনামুল হক)
উপ-মহাব্যবস্থাপক (দায়িত্বে)